

ঢাকা বিশ্ববিদ্যালয়
ঘ ইউনিটের ভর্তি
পরীক্ষার ফল
নিয়ে জটিলতা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১০-১৪ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল নিয়ে জটিলতা দেখা দিয়েছে। ফল না পাওয়ার গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের সামনে ছিল পরীক্ষার অংশগ্রহণকারীদের জটলা।

বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বলেছে, এসব শিক্ষার্থী পরীক্ষার রোল নম্বরে ভুল, ক্রম ত্রুটির ফল বাড়িল করা হয়েছে। ফল পুনর্মূল্যায়নের কোনো সুযোগ নেই। তবে শিক্ষার্থীরা বলছেন, এ বছর সব শিক্ষার্থীর রোল নম্বরের প্রথম সংখ্যাটি ছিল '৬'। তাঁদের মেওরা উত্তরপত্রে ওই সংখ্যাটি আগে থেকেই পূরণ করা ছিল। এ কারণে তাঁরা বিভ্রান্ত হয়েছেন। পরীক্ষার ফলে ঢাকা শিক্ষাকেন্দ্রও এ বিষয়ে তাঁদের কোনো সিদ্ধান্তে পৌঁছানি।

ঘ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক তরিনউদ্দিন আহমদ বলেন, পরীক্ষার খাতায় রোল নম্বর সঠিকভাবে দেখাও একটি পরীক্ষা। ফল পুনর্মূল্যায়নের এখন আর সুযোগ নেই। আবেদন করলে কী ভুল হয়েছে তা কর্তৃপক্ষ দেখাবে।

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কার্যালয় সূত্রে জানা যায়, তিন কার্যালয় থেকে মেওরা ফলে ১৫ হাজার ৩৮ জন শিক্ষার্থীর ফলের বিষয়ে কোনো তথ্য নেই। এদের অধিকাংশই রোল নম্বর ভুল করেছেন।

নাম প্রকাশ না করার শর্তে ভর্তি কমিটির এক সদস্য বলেন, শিক্ষার্থীরা রোল নম্বরে কাটাইয়ে দিলেও উত্তরপত্রের ক্রমিক নম্বর দিয়ে তাঁদের উত্তরপত্রটি যাচাই করা সম্ভব। যেহেতু বছরে একবারই ভর্তি পরীক্ষা মেওরা হয় তাই এ ক্ষেত্রে তিন কার্যালয় একটু আন্তরিকতা দেখালে পারত।

কিন্তু তরিনউদ্দিন বলেন, উত্তরপত্রে কোনো ধরনের কাটাইয়ে গ্রহণযোগ্য নয়। এ বিষয়ে স্পষ্ট নির্দেশনা উত্তরপত্রেই রয়েছে। তবুও শিক্ষার্থীরা ভুল করলে তা পুনর্মূল্যায়নের কোনো সুযোগ নেই। এদিকে উত্তরপত্র যাচাই করতে হলে আগামী ২০ নভেম্বরের মধ্যে আবেদন করতে হবে। এ জন্য এক হাজার টাকা ফি নির্ধারণ করা হয়েছে।